


যুগান্তর



কুল বন্ধ হয়ে যাওয়ায় কালিয়াকৈরে ২২৫ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

কালিয়াকৈর প্রতিনিধি

উপজেলার মধ্যপাড়া ইউনিয়নের জাপুয়াতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২২৫ জন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। জানা গেছে, ওই বিদ্যালয়ের অফিস কক্ষসহ প্রতিটি শ্রেণীকক্ষের ছাদ ফেটে দীর্ঘদিন ধরে বৃষ্টির পানি বারার ফলে ছাদ ধসে ছাত্রছাত্রীদের জ্ঞানহানির আশংকা দেখা দেয়ার গত ১৯ জুন বিদ্যালয়টি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে। এলাকাবাসী জানায়, ১৯৯১ সালে বিদ্যালয়টির পাকা ভবন নির্মিত হলেও বিদ্যালয় পরিচালনা কমিটি ও ঠিকাদার প্রকৌশলীর যোগসাজশে নিম্নমানের কাজ করায় দুবছর অতিক্রান্ত হতে না হতেই চার কক্ষ বিশিষ্ট ভবনের মেঝে, দেয়াল ও ছাদের বিভিন্ন স্থানের প্লাস্টার খসে পড়তে থাকে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন জানান, ভবনটি দ্রুত পুনঃসংস্কার করা না হলে যে কোন মুহূর্তে ছাদ ধসে পড়তে পারে। এ ব্যাপারে গত বছরের ২ নভেম্বর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তাকে লিখিতভাবে জানানো হয়েছে। তবে ছাত্রছাত্রীদের

ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ায় অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা অবিলম্বে ওই পরিভুক্ত ভবনের দ্রুত সংস্কারের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছেন।